# চার মূলনীতিতে নতুন পররাষ্ট্রনীতি গড়বে বিএনপি: আমীর খসরু



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, ভবিষ্যতে বাংলাদেশের পররাষ্ট্র সম্পর্ক নির্ধারিত হবে চারটি মূলনীতির ভিত্তিতে—পারস্পরিক সম্মান, পারস্পরিক স্বার্থ, ভূরাজনৈতিক সিদ্ধান্তে স্বাধীনতা এবং দেশের অভ্যন্তরীণ বিষয়ে বিদেশি হস্তক্ষেপ না করার নীতি।

বৃহস্পতিবার (৬ নভেম্বর) রাজধানীর একটি হোটেলে 'ঢাকা ফোরাম ইনিশিয়েটিভ' আয়োজিত "তারেক রহমান: পলিটিক্স অ্যান্ড পলিসি" শীর্ষক সেমিনারে বক্তব্য রাখেন তিনি।

আমীর খসরু বলেন, "বিএনপি উচ্চাকাঙ্ক্ষী একটি দল, কারণ উচ্চ লক্ষ্য ছাড়া উন্নত রাষ্ট্র গড়া সম্ভব নয়। আমরা এক কোটি নতুন কর্মসংস্থানের প্রতিশ্রুতি দিয়েছি। ক্ষমতায় গেলে দায়িত্বের প্রথম দিন থেকেই সেই লক্ষ্য বাস্তবায়নে কাজ শুরু করবে বিএনপি।" তিনি আরও জানান, ডিজিটাল অর্থনীতিকে এগিয়ে নিতে পেপাল সেবা চালুর উদ্যোগ নেওয়া হবে।

তারেক রহমানকে গণতন্ত্রের প্রতীক হিসেবে উল্লেখ করে তিনি বলেন, "তিনি বহুদলীয় গণতন্ত্রের প্রবর্তক শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের যোগ্য উত্তরসূরি। খালেদা জিয়ার মতো তিনিও গণতন্ত্র রক্ষায় স্বৈরাচারের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাচ্ছেন।"

LENS ASIA

আমীর খসরু আরও বলেন, "যখন কেউ সংস্কারের কথা বলার সাহস দেখাতে পারেনি, তখন বিএনপি জনগণের কাছে ৩১ দফা কর্মসূচি পেশ করেছে—যা গণতন্ত্র ও উন্নয়নের জন্য একটি সাহসী রোডম্যাপ।"